

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৫.২০১২-২৬৬

তারিখ : ২৭ ফেব্রুয়ারি, ২০১৬।

বিষয়: গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলা পরিষদের ঝুঁকিপূর্ণ ভবন পরিত্যক্ত ঘোষণাসহ নিলামে বিক্রয়।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা-এর স্মারক নং-০৫.৫৫.৩২০০.০২২.৪৩.১১০.১৩-৯১; তারিখ : ১৪ জানুয়ারি, ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে সাঘাটা উপজেলা সদরের বোনারপাড়া হেডকোয়ার্টারের পরিত্যক্ত অডিটরিয়াম ও পুরাতন ডাকবাংলো দুটি পরিত্যক্ত ঘোষণার পূর্বে নিম্নোক্ত তথ্যাদিসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (১) অডিটরিয়ামটির মালিকানা উপজেলা পরিষদের কিনা তার স্বপক্ষে প্রমাণাদি প্রেরণ;
- (২) পুরাতন ডাকবাংলোটির মালিকানা কোন সংস্থার এবং সেটি উপজেলা পরিষদের জমিতে অবস্থিত কিনা সে সংক্রান্ত তথ্যাদি প্রেরণ;
- (৩) সাঘাটা উপজেলার কোথায় আধুনিক ডাকবাংলো ও অডিটরিয়াম কাম কমিউনিটি সেন্টার নির্মাণ করা হবে, উপজেলা পরিষদের জমিতে নির্মাণ করা হলে স্থানীয় সরকার বিভাগের অনুমতি নেয়া হয়েছে কিনা, না নেয়া হলে তার যৌক্তিক কারণ; এবং
- (৪) উপজেলা পরিষদের জমিতে ডাকবাংলো ও অডিটরিয়াম কাম কমিউনিটি সেন্টার নির্মাণ করা হলে তা কিভাবে পরিচালিত হবে সে সংক্রান্ত তথ্য প্রেরণ।

J.A.in

(ড. জুলিয়া মর্দন)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৬২২৪৭

জেলা প্রশাসক
গাইবান্ধা।

অনুলিপি :

কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।